৫ জানুয়ারী, ২০২৬

# খালেদা জিয়ার স্মরণে বাংলাদেশ হাইকমিশনে পাকিস্তান প্রধানমন্ত্রীর শোক



সংগৃহীত ছবি

ইসলামাবাদে বাংলাদেশ হাইকমিশনে গিয়ে সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার প্রতি গভীর শোক জানিয়েছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ।

সোমবার বিকেলে তিনি হাইকমিশনে উপস্থিত হয়ে শোকবইয়ে স্বাক্ষর করেন এবং খালেদা জিয়ার আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়ায় অংশ নেন। এ সময় তিনি মরহুম নেত্রীর পরিবার এবং বাংলাদেশের জনগণের প্রতি আন্তরিক সমবেদনা প্রকাশ করেন।

পাকিস্তান সরকারের পক্ষ থেকে জানানো হয়, দুই দেশের কূটনৈতিক সম্পর্ক জোরদারে খালেদা জিয়ার ভূমিকার কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন শেহবাজ শরিফ। তিনি ঢাকা ও ইসলামাবাদের মধ্যে পারস্পরিক বোঝাপড়া ও সহযোগিতা বৃদ্ধিতে তার অবদানকে গুরুত্বপূর্ণ বলে উল্লেখ করেন।

এ ছাড়া অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের সঙ্গে পূর্ববর্তী সাক্ষাতের প্রসঙ্গ টেনে তার প্রতি শুভেচ্ছা জানান পাকিস্তানের প্রধানমন্ত্রী। ভবিষ্যতে বাংলাদেশ-পাকিস্তান সম্পর্ক আরও ইতিবাচক ধারায় এগিয়ে যাবে বলেও আশাবাদ ব্যক্ত করেন তিনি।

LENS ASIA